## নিবন্ধিত মোটরযানের নিবন্ধন সনদের তথ্য সংশোধন/পরিবর্তন করার অনুমোদনের প্রক্রিয়া:

মোরটযানের মালিক কে প্রথমে ব্যাংকে মোটরযানের তথ্য সংশোধন (মডিফিকেশন) ফি জমা দিতে হবে। এরপর তথ্য সংশোধনের অনুমোদনের জন্য মোটরযানটি বিআরটিএ’র যে সার্কেলে নিবন্ধিত বা অন্তর্ভুক্ত আছে সে সার্কেলের মোটরযানের মালিকানা বদলী শাখার সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং) অথবা মোটরযানের মালিকানা বদলী শাখা না থাকলে ঐ সার্কেলে সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং) ও নিবন্ধন কর্তৃপক্ষের নিকট উপযুক্ত কারণ ব্যাখ্যা করে প্রমাণকসহ সাদা কাগজে আবেদন করতে হবে এবং মোটরযানটি সরেজমিনে পরিদর্শনের জন্য হাজির করতে হবে। উক্ত আবেদন যাচাই করে সঠিক পাওয়া গেলে সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং) উক্ত মোটরযানটি পরিদর্শনের জন্য মোটরযান পরিদর্শকে নির্দেশনা প্রদান করবেন। সন্তোষজনক পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর কর্তৃপক্ষ উক্ত মোটরযানের তথ্য সংশোধনের অনুমোদন প্রদান করবেন এবং একটি প্রাপ্তিস্বীকার পত্র প্রদান করেন যা অস্থায়ী নিবন্ধন সনদ হিসেবে কাজ করবে। উক্ত প্রাপ্তিস্বীকার পত্রে নতুন নিবন্ধন সনদ/ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ডিআরসি) প্রদানের সম্ভাব্য তারিখ উল্লেখ থাকবে। এরপর ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের প্রস্তুতের কার্যক্রম সম্পন্ন হলে, তা সংগ্রহের জন্য গ্রাহকের মোবাইলে মেসেজের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। [এখানে উল্লেখ্য যে, সংশোধন প্রক্রিয়া সম্পন্ন করতে ফিটনেস ও ট্যাক্সটেকেন হালনাগাত থাকতে হবে। ]

প্রয়োজনীয় দলিলাদি:

১। মালিকের স্বাক্ষর সম্বলিত আবেদন পত্র - ০১ কপি;

২। মূল নিবন্ধন সনদ (কাগজের নিবন্ধন সনদ হলে হোম কপিও জমা দিতে হবে);

৩। রং পরিবর্তন ফি জমার রশিদের বিআরটিএ’র কপি;

৪। হালনাগাদ ফিটনেস সনদের ফটোকপি - ০১ কপি;

৫। হালনাগাদ ট্যাক্স টোকেনের ফটোকপি - ০১ কপি;